নিত্যপ্রয়োজনীয় দ্রব্যে’র মূল্যবৃদ্ধির প্রতিবাদে কোটচাঁদপুরে বিএনপি’র প্রতিকী অনশন

চাল, ডাল, তেল, গ্যাসসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির প্রতিবাদে ঝিনাইদহের কোটচাঁদপুরে প্রতিকী অনশন কর্মসূচি পালন করেছে উপজেলা ও পৌর বিএনপি।

বৃহস্পতিবার বেলা ১১ টায় কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসাবে কোটচাঁদপুর থানা ও পৌর বিএনপির আয়োজনে মেইন বাসষ্টান্ড চত্তরে উপজেলা বিএনপির কার্যালয়ের সামনে এ প্রতিকী অনশন কর্মসূচি পালন করা হয়।

পৌর বিএনপির সভাপতি ও সাবেক পৌর মেয়র এস.কে.এম সালাহ্উদ্দিন বুলবুল সিডলের সভাপতিত্বে অনশনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির তথ্য ও গবেষনা বিষয়ক সহ-সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল। এতে প্রধান বক্তা ছিলেন, জেলা বিএনপি’র সিনিয়র সদস্য মোঃ আবুবকর বিশ্বাস।

বিশেষ অতিথি ছিলেন, উপজেলা বিএনপি’র সভাপতি মোঃ আব্দুর রাজ্জাক। এছাড়াও বক্তব্য রাখেন, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক লিয়াকত আলী, উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান ও এলাঙ্গী ইউনিয়ন বিএনপি’র সভাপতি মোঃ ইকরামুল হক, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম, সাংগঠনিক সম্পাদক মীর্জ টিপু, পৌর বিএনপি নেতা মোঃ মমিন মনোয়ার, উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খাঁন মুকুল, যুবদল নেতা রিপন শেখ, প্রমূখ।

বক্তারা বলেন, চাল, ডাল, তেল, গ্যাসসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধিতে মানুষের জীবন-জীবিকা হুমকির মূখে পড়েছে। এসময় তারা সরকারের সীমাহীন দূর্ণীতি, ভুলনীতি ও ব্যার্থতার দায়ে অবিলম্বে পদত্যাগ করে গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠা করার আহ্বান জানান।

না হলে, বিএনপি’র নের্তৃত্বে সারা দেশের মানুষ ঐক্যবদ্ধ হয়ে এ

সরকারের বিরুদ্ধে রুখে দাঁড়াবে বলে হুশিয়ারী দেন। দুই ঘন্টা ব্যাপী অনশনে এসময় উপজেলা এবং পৌর বিএনপি ও অঙ্গ সংগঠনের বিভিন্ন নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন। পরে সিনিয়র নেতারা কর্মীদেরকে পানি ও জুস পান করিয়ে অনশন ভঙ্গ করান।

দীর্ঘ ৯ বছর পর কোটচাঁদপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন অনুষ্ঠিত

দীর্ঘ ৯ বছর পর কোটচাঁদপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত বিরতিহীন ভাবে ৩টি বুথে ভোট গ্রহন করা হয়। মোট ভোটার সংখ্যা ছিল ১ হাজার ৫২।

অভিবাবক সদস্য পদে মোট ৫জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন। নির্বাচনে মোমেন আল আরাফাত সোহেল ৪১১ ভোট পেয়ে ১ম, সাংবাদিক মঈন উদ্দিন খান ৩৪৬ ভোট পেয়ে ২য়, মফিজুর রহমান ২৯২ ভোট পেয়ে ৩য়, ও সাইফুর রহমান মিন্টু ২৬০ ভোট পেয়ে ৪র্থ হয়ে বিজয়ী হয়েছেন।

সংরক্ষিত মহিলা সদস্য পদে কোন প্রার্থী না থাকায় মোছাঃ রিপনা থাতুন বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন। দীর্ঘ দিন পর নির্বাচনের মাধ্যমে প্রতিনিধি নির্বাচিত হওয়ায় অভিভাবক ও শিক্ষকদের মাঝে উৎসবের আমেজ ছিল।

তাঁরা মনে করেন নির্বাচিত প্রতিনিধিরা শিক্ষার মান উন্নয়নসহ সুষ্ঠু সহায়ক পরিবেশ সৃষ্টিতে ভূমিকা রাখবেন। নির্বাচনে প্রিজাইডিং অফিসার হিসাবে দায়িত্ব পালন করেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রতন মিয়া।

মেহেরপুরে সাবেক ছাত্রনেতাদের আনন্দ মিছিল

মেহেরপুরের বীর মুক্তিযোদ্ধা মরহুম ছহিউদ্দীন বিশ্বাসকে স্বাধীনতা পদক সম্মানে ভূষিত ও মুজিবনগর বিশ্ববিদ্যালয় খসড়া অনুমোদন হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনকে কৃতজ্ঞতা জানিয়ে একটি আনন্দ মিছিলের আয়োজন করা হয়।

বৃহস্পতিবার বিকালে আনন্দ মিছিলটি মেহেরপুর শহীদ সামসুজ্জোহা নগর উদ্যান থেকে শুরু করে বড়বাজার থেকে প্রধান সড়ক হয়ে পুরাতন বাসস্ট্যান্ড সহ প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়।

বাদ্য বাজিয়ে জাতীয় পতাকা সহ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং স্বাধীনতা পদক প্রাপ্ত ছহিউদ্দিন বিশ্বাসের ছবি সম্বলিত ব্যানার ফেস্টুন নিয়ে নেতাকর্মীরা আনন্দ মিছিলে অংশগ্রহণ করেন।

পরে শহীদ সামসুজ্জোহা নগর উদ্যানে গিয়ে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক বক্তব্য রাখেন।

আনন্দ মিছিলে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আবদুস সামাদ বাবলু বিশ্বাস, সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন, পিপি পল্লব ভট্টাচার্য, শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আক্কাস আলী, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি সাফুয়ান আহমেদ রূপক, বারিকুল ইসলাম লিজন, জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক সরফরাজ হোসেন মৃদুল, সদর উপজেলা যুবলীগের সভাপতি আনোয়ার হোসেন আনু, বড় বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন, গাংনী উপজেলা যুব লীগের সভাপতি মোশারফ হোসেন, সাধারণ সম্পাদক শফি কামাল পলাশ, মুজিবনগর উপজেলার সাবেক ভাইস চেয়ারম্যান কামরুল হাসান চাঁদু,সদর উপজেলা ভাইস চেয়ারম্যান মোমিনুল ইসলাম, জেলা যুবলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান হিরণ, সাংস্কৃতিক কর্মী শাশ্বত নিপ্পন চক্রবর্তী, ইউপি চেয়ারম্যান আনোয়ারুল

ইসলাম, জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম আহ্বায়ক মতিয়ার রহমান সহ সাবেক এবং বর্তমান আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা অংশগ্রহণ করে।

দর্শনায় নবীন-প্রবীণ প্রীতি ফুটবল খেলা অনুষ্ঠিত

দর্শনায় নবীন-প্রবীণ প্রীতি ফুটবল খেলা অনুষ্ঠিত হয়েছে। বুধবার বিকালে দর্শনা সরকারী কলেজ মাঠে নবীন-প্রবীণ দলের মধ্যে এ প্রীতি ফুটবল খেলা অনুষ্ঠিত হয়।

দর্শনা পৌর প্রবীণ কমিটির আয়োজনে আয়োজিত খেলায় নবীণদের হারিয়ে ৩-০ গোলে বিজয়ী হয়েছেন প্রবীণ দল।

উভয় দলে অংশ নেয়, খালেকুজ্জামান, মোশারফ হোসেন, আব্দুর রহমান, মজিবর, বীর মুক্তিযোদ্ধা জাহাঙ্গীর আলম, মুন্নাফ, হাবিবুল্লাহ ড্রাইভার, হয়দার, জুলু ও কাশেম। খেলা পরিচালনা করেন, আলো, সংগ্রাম ও মিলন।

উপস্থিত ছিলেন, প্রবীন কমিটির সভাপতি সাবেক উপাধ্যক্ষ মোশারফ হোসেন, সাধারন সম্পাদক আকমত আলী, দর্শনা পৌর কাউন্সিলর ও রেলবাজার দোকান মালিক সমিতির সাধারন সম্পাদক সাবির হোসেন মিকা, মিরাজুল ইসলাম মিরাজ।

আলমডাঙ্গার নওদাপাড়ায় গলায়

ফাঁস লাগিয়ে মধ্যবয়সী নারীর মৃত্যু

আলমডাঙ্গা উপজেলার নওদাপাড়ায় গলায় ফাঁস লাগিয়ে এক মধ্যবয়সী নারী আত্নহত্যা করেছে। বুধবার দুপুর ১ টার দিকে এ আত্নহত্যার ঘটনাটি ঘটে।

আত্নহত্যার ঘটনায় ঘটনাস্থলে পুলিশ উপস্থিত হয়ে সুরতহাল রিপোর্ট সংগ্রহ করে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার কালিদাসপুর ইউনিয়নের নওদাপাড়া গ্রামের নুরমুদ্দিনের স্ত্রী মরিয়ম বেগম (৪৫)। বুধবার সকালে স্বামী নুরমুদ্দিনের সাথে ঝগড়া হয়। পরে নুরমুদ্দিন বাড়ি থেকে বাইরে চলে গেলে নিজ বাড়ির ছাদের সিড়িতে গলায় রশি লাগিয়ে আত্নহত্যা করে।

বিষয়টি স্থানীয়রা জানতে পেরে মরিয়ম বেগমের ঝুলন্ত লাশ উদ্ধার করে। স্থানীয় হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

খবর পেয়ে আলমডাঙ্গা থানা পুলিশ নওদাপাড়ায় উপস্থিত হয়ে নিহত মরিয়মের লাশের সুরতহাল রিপোর্ট সংগ্রহ করে।

আলমডাঙ্গার খাসকররা ইউনিয়নে টিসিবির মালামাল বিতরণ

আলমডাঙ্গার উপজেলার খাসকররা ইউনিয়নে নিম্নআয়ের মানুষের মাঝে ১ হাজার ৭৮ জনকে টিসিবির পণ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। বুধবার দিনব্যাপী সরকারি ভর্তুকি মূল্যে এ পণ্য সামগ্রী বিতরণ করা হয়।

জানাগেছে, আসন্ন মাহে রমজান উপলক্ষে সরকারি ভাবে বিভিন্ন টিসিবির পণ্য সামগ্রী সুলভ মূল্যে বিক্রয় করা হয়। আলমডাঙ্গা উপজেলার

খাসকররা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের উদ্যোগে নিম্নআয়ের মানুষের মাঝে বিক্রয় করা হয়। মালামাল বিতরণ কার্যক্রমে দায়িত্বপালন করেন মেসার্স কাজলী ট্রেডার্স।

পণ্য সামগ্রী বিক্রয়কালীন সময়ে উপস্থিত ছিলেন খাসকররা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো: তাছফির আহমেদ মল্লিক (লাল), টিসিবি পন্য বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা রিসোর্স সেন্টারের কর্মকর্তা মো: জামাল হোসেন,ইউনিয়ন ভূমি কর্মকর্তা সামসুদ্দীন, তিয়রবিলা ক্যাম্পের আইসি সালাউদ্দিন, ইউনিয়ন পরিষদের সচিব আশাদুল, সহ ইউ,পি সদস্যবৃন্দগণসহ আওয়ামী লীগের স্থানীয় নেতৃত্ববৃন্দ উপস্থিত ছিলো।

আলমডাঙ্গায় মোটরসাইকেলের ধাক্কায় শিশুর মৃত্যু

আলমডাঙ্গা উপজেলার বন্দরভিটায় মোটরসাইকেলের ধাক্কায় খাদিজা খাতুন নামে আড়াই বছরের এক শিশুর মৃত্যু হয়েছে।

বুধবার সন্ধ্যা ৭ টার দিকে খাদিজা খাতুনকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

খাজিদা খাতুন আলমডাঙ্গা উপজেলার গাংনী ইউনিয়নের বন্দরভিটা গ্রামের শাহিনের মেয়ে।

খাদিজার মা স্বর্ণা বেগম বলেন জানায়, বুধবার বিকেলে আমি রান্না করছিলাম। আমার মেয়ে কখন বাড়ির বাইরে গেছে আমি টের পাইনি। রাস্তায় গেলে দ্রুতগতির একটি মোটরসাইকেল আমার মেয়েকে ধাক্কায় দেয়।

পরে স্থানীয়দের সহযোগিতায় আমরা উদ্ধার করে হাসপাতালে নেয়ার আগেই মৃত্যুর কোলে ঢোলে পড়ে আমার মেয়েটা।
তিনি আরও বলেন, আমার দুই ছেলে মেয়ে। এখন আমি কাকে নিয়ে বাঁচবো বলে কান্নায় ভেঙ্গে পড়েন তিনি।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. জান্নাতুল ফেরদৌস বলেন, পরিক্ষা-নিরিক্ষার পর শিশু খাজিদাকে মৃত ঘোষণা করা হয়েছে। হাসপাতালে আসার আগেই তার হয়েছে।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, মোটরসাইকেলের ধাক্কায় খাদিজা নামে এক শিশুর মৃত্যু হয়েছে। উর্দ্ধতন কর্মকর্তাদের নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে।

আলমডাঙ্গায় বিষাক্ত ইনজেকশন পুশ করে শিশুকে হত্যার অভিযোগ, ঘাতক বাবা আটক

আলমডাঙ্গায় বিষাক্ত ইনজেকশন পুশ করে আড়াই মাস বয়সী এক শিশুকে হত্যার অভিযোগ উঠেছে বাবার বিরুদ্ধে। ওই ঘটনায় অভিযুক্ত বাবাকে আটক করেছে পুলিশ।

বুধবার সন্ধ্যা ৭টার দিকে তাকে আটক করা হয়। নিহত শিশু ইকবাল হোসেন আলমডাঙ্গা উপজেলার আঠারোখাদা গ্রামের ইখলাছ উদ্দিনের ছেলে।

স্থানীয় সূত্রে জানাযায়, গত কয়েক মাস যাবৎ ইখলাছ উদ্দিন তার দ্বিতীয় স্ত্রী মিতা ও শিশু সন্তানকে নিয়ে চুয়াডাঙ্গা পৌর এলাকার মাঝেরপাড়ার পলাশ উদ্দিনের বাড়িতে ভাড়ায় থাকেন।

এর আগে বুধবার সকাল ৮টার দিকে মাঝের পাড়ায় ওই ঘটনা ঘটে। অসুস্থ্য হয়ে পড়লে সকালেই শিশু ইকবালকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয় শিশুটিকে।

শারীরিক অবস্থার অবনতি হলে শিশুটিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন চিকিৎসক। সেখানে নেয়ার পথে মারা যায় শিশুটি। সন্ধ্যায় খবর পেয়ে মুন্সিগঞ্জের সোনাতনপুর থেকে নিহত শিশুর মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

শিশু ইকবালের মা মিতা খাতুন অভিযোগ করে বলেন, আমার অন্য এক জায়গায় বিয়ে হয়েছিল। পারিবারিক কলহের কারণে বিয়ে বিচ্ছেদ হয়। প্রথম স্ত্রীর কোন সন্তান না হওয়ায় গত ৪ বছর আগে ইখলাছ আমাকে বিয়ে করে।

বিয়ের পর থেকে সে আমাকে সন্দেহ করতে থাকে। পরে আমাদের কোলজুড়ে আসে এক ছেলে সন্তান। ওই ছেলে তার নয় বলে জানায় ইখলাছ।

তিনি আরও বলেন, আজ সকালে বাড়ির কাজ করছিলাম। সেসময় ইখলাছ ছেলেকে কোলে নেয়। হঠাৎ সুস্থ ছেলে কেঁদে ওঠে। পরে গিয়ে দেখি আমার ছেলের বাম পা দিয়ে রক্ত বের হচ্ছে।

ইখলাছের নিকট জানতে চাইলে সে টিকা দেয়ার স্থান থেকে রক্ত বের হচ্ছে বলে মিতাকে জানায়। পরে তাকে ডাক্তারের কাছে নিয়ে যায়। ডাক্তার জানায়, টিকা দেয়ার স্থান থেকে কোন রক্ত বের হয়নি।

ছেলের বাম পায়ের অন্য স্থানে একটি ইনজেকশন পুশ করার চিহ্ন রয়েছে। সেখানে ফুলে গেছে। আমার ছেলেকে বাম পাশে বিষ মিশ্রিত ইনজেকশন পুশ করে হত্যা করা হয়েছে বলে মিতা অভিযোগ করেন।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের শিশু বিশেষজ্ঞ ডা. মাহবুবুর রহমান মিলন জানান, দুপুরে শিশুটিকে আমার কাছে নিয়ে আসা হয়। তখন শিশুটির অবস্থা খারাপ ছিল।

শিশুটির খিচুনি হচ্ছিল। তার মা বিষাক্ত ইনজেকশন পুশ করার অভিযোগ করছিলেন। শিশুটির বাম পায়ে একাধিক ইনজেকশন পুশের চিহ্ন ছিল।

শিশুটির শারীরিক অবস্থা খারাপ হওয়ায় তাকে রাজশাহী মেডিকেলে রেফার্ড করা হয়। তবে, শিশুটির পায়ে কোন ইনজেকশন দেয়া হয়েছে তা ময়না তদন্ত ছাড়া বলা যাবে না। বেঁচে থাকলে রক্ত পরীক্ষা করে বলা যেত। তার আগেই তো শিশুটি মারা গেল।

এ বিষয়ে আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম জানান, সন্ধ্যায় খবর পেয়ে সোনাতনপুর গ্রামে পৌঁছে নিহত শিশুর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। আটক করা হয়েছে শিশুটির বাবা ইখলাছকে।

কোটচাঁদপুরে নিত্যপণ্যের মূল্য বৃদ্ধির প্রতিবাদে ক্যাবের মানববন্ধন

নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য বৃদ্ধির প্রতিবাদে ঝিনাইদহের কোটচাঁদপুরে শান্তিপূর্ণ মানববন্ধন করেছে কনজুমার এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)।

বুধবার বিকালে স্থানীয় মেইন বাজার পায়রা চত্তরে সংগঠনটির কোটচাঁদপুর শাখার আয়োজনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। কনজুমার এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) কোটচাঁদপুর শাখার সভাপতি সাবেক ব্যাংক কর্মকর্তা মকবুল হোসেনের সভাপতিত্বে মানবন্ধনে বক্তব্য রাখেন, সংগঠনের সাধারণ সম্পাদক প্রভাষক শরিফুজ্জমান তুহিন, সাংগঠনিক সম্পাদক রিপন হোসেন, মিতালীর সভাপতি সুব্রত ব্যানার্জী, কবি মিতুল সাইফ, জাসদ নেতা শামীম হোসেন বাবু প্রমূখ।

বক্তারা বলেন, সরকার দরিদ্র মানুষের কথা ভেবে কম মূল্যে টিসিবির পণ্য দিচ্ছে। এরপরও বাজারে চাল,আটা, তেল সহ নিত্যপয়োজনীয় পণ্যের মূল্য বেড়েই চলেছে। অসাধু ব্যাবসায়ীরা কৃত্তিম সংকট দেখিয়ে সাধারণ মানুষকে জিম্মি করছে।

এসময় তারা নিয়মিত বাজার মনিটরিং সহ সংশ্লিষ্টদের হস্তক্ষেপ কামনা করেন। ঘন্টাব্যাপী মানববন্ধনে জনসাধারণ সহ বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ অংশগ্রহন করেন।

বিকাশে ভুলক্রমে চলে যাওয়া টাকা উদ্ধার করলো সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন

সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল মেহেরপুর কর্তৃক বিকাশে ভুলক্রমে চলে যাওয়া ২১ হজার ৮শ টাকা ও ৬ টি হারানো মোবাইল ফোন উদ্ধার করে প্রকৃত মালিকদেরকে হস্তান্তর করা হয়েছে।

বুধবার দুপুরের দিকে পুলিশ সুপার মোঃ রাফিউল আলম নিজ কার্যালয়ে বিকাশে ভুলক্রমে চলে যাওয়া ২১ হজার ৮শ টাকা ও ৬ টি হারানো মোবাইল ফোন উদ্ধার করে প্রকৃত মালিকদেরকে হস্তান্তর করেন।

সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল এর ইন্সপেক্টর মেজবাউর রহমান সহ সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন টিম কর্তৃক তথ্য প্রযুক্তি ব্যবহার করে বিকাশে ভুলক্রমে চলে যাওয়া টাকা এবং হারিয়ে যাওয়া বিভিন্ন ব্র্যান্ডের ৬ টি মোবাইল ফোন উদ্ধার করা হয়।

পরে টাকাসহ মোবাইল গুলো তাদের প্রকৃত মালিকের কাছে হস্তান্তর করা হয়। এ সময় অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম উপস্থিত ছিলেন।